



আইনকে আরও জবাবদিহিমূলক করতে চায় বিএনপি: আইনমন্ত্রী



আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

বিএনপি জবাবদিহিমূলক ও সময়োপযোগী আইন প্রণয়নে কাজ করছে বলে জানিয়েছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান। নির্বাচনী অঙ্গীকারের অংশ হিসেবে আইনগুলোকে আরও স্বচ্ছ করার উদ্যোগ নেওয়া হয়েছে বলেও জানান তিনি।

রবিবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। আইনমন্ত্রী জানান, সংবিধানের ৯৩ অনুচ্ছেদের বাধ্যবাধকতায় অন্তর্বর্তীকালীন সরকারের জারি করা ১৩৩টি অধ্যাদেশ নির্ধারিত সময়ের মধ্যে সংসদে উপস্থাপন করা হয় এবং পরে সেগুলো পরীক্ষা-নিরীক্ষার জন্য সংসদীয় বিশেষ কমিটির কাছে পাঠানো হয়।

তিনি বলেন, বিশেষ কমিটি ২ এপ্রিল প্রতিবেদন জমা দেয়। এর ভিত্তিতে সংসদে অধ্যাদেশগুলো বিল আকারে উত্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা হয়। উপস্থাপিত অধ্যাদেশগুলোর মধ্যে ৯৭টি অপরিবর্তিতভাবে আইনে পরিণত হয়েছে, ১৩টি সংশোধনসহ পাস হয়েছে এবং ৭টি বাতিল বা সংরক্ষণ করা হয়েছে। বাকি ১৬টি আরও যাচাই-বাছাই করে পরবর্তীতে সিদ্ধান্ত নেওয়া হবে।

মন্ত্রী বলেন, জাতীয় মানবাধিকার কমিশন, সুপ্রিম কোর্টে বিচারক নিয়োগ ও সুপ্রিম কোর্ট সচিবালয় সংক্রান্ত অধ্যাদেশ নিয়ে সংসদে প্রাণবন্ত আলোচনা হয়েছে। এসব ক্ষেত্রে আরও স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে বিএনপি প্রতিশ্রুতিবদ্ধ।

তিনি আরও বলেন, জনগণের যৌক্তিক দাবি বিএনপির কাছে সর্বোচ্চ গুরুত্ব পায়। সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ ও চিফ হুইপ নুরুল ইসলাম মনি উপস্থিত ছিলেন।